গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: সংযুক্ত আরব আমিরাতের দুবাই-এ আগামী অক্টোবর ২০২১ হতে মার্চ ২০২২ মেয়াদে অনুষ্ঠেয় World Expo 2020 আয়োজন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে Co-ordination কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মেজবাহ উদ্দিন<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>স্থানীয় সরকার বিভাগ<br>ও<br>সভাপতি, Co-ordination কমিটি |
| সভার স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ<br>কক্ষ নং-৬০১, ভবন নং-৭<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ০৯ মার্চ ২০২১, সকাল ১১.০০টা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | **পরিশিষ্ট- 'ক'** |

**১। সভার আলোচনা:**

১.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব নুমেরী জামান সভায় উল্লেখ করেন, আগামী ০১ অক্টোবর ২০২১ হতে ৩১ মার্চ ২০২২ মেয়াদে Dubai Expo-2020 অনুষ্ঠিত হবে। Dubai Expo-2020 আয়োজনের থিম হচ্ছে: 'Connecting Minds, Creating the Future'। এ থিমের অধীনে সাব-থিম হচ্ছে: Opportunity, Mobility and Sustainability। বাংলাদেশ Sustainability অংশে প্রথমবারের মত ৪৩৬ বর্গমিটার আয়তনের দ্বিতল ভাড়া করা প্যাভিলিয়নে অংশগ্রহণ করছে। বাংলাদেশের প্যাভিলিয়ন এক্সিবিশন টাইটেল নির্ধারণ করা হয়েছে: 'Indomitable Bangladesh: Towards Sustainable Development'। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্বপ্নের সোনার বাংলা গড়া, নারীর ক্ষমতায়ন এবং কৃষিনির্ভর অর্থনীতি হতে একটি শিল্প ও রপ্তানীনির্ভর টেকসই অর্থনীতিতে রূপান্তরের বিষয় বিশ্ব সম্প্রদায়ের নিকট উপস্থাপন করা হবে। উক্ত Expo-উপলক্ষে বিষয়ভিত্তিক মোট ১১টি Theme Week অনুষ্ঠিত হবে। এর মধ্যে আগামী ৩১ অক্টোবর হতে ০৬ নভেম্বর ২০২১ সময়ে "Urban & Rural Development Week" এবং ২০-২৬ মার্চ ২০২২২ সময়ে "Water Week" আয়োজন করা হবে। এ দু'টি Theme Week যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে গত ০২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দু'টি Theme Week সফলভাবে আয়োজনের জন্য এ Co-ordination কমিটি গঠন করা হয়। আজ কমিটির ১ম সভা আহ্বান করা হয়েছে।

১.২ বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ আমিনুল ইসলাম (রপ্তানী-৭) বলেন, বিশ্বের বড় বড় চ্যালেন্জ মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী বাস্তব সমাধানসমূহ (Tangible Solutions) World Expo 2020-এ প্রদর্শিত হবে। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ইতোমধ্যে Theme Statement প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে যা Expo কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। বাংলাদেশ প্যাভিলিয়নে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, বিভিন্ন ক্ষেত্রে অর্জন ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে আমাদের অবদান প্রদর্শনের সুযোগ মেলার পুরো সময়েই রয়েছে। বাংলাদেশ প্যাভিলিয়নের ডিজাইন ও সংশ্লিষ্ট প্রকিউরমেন্ট কাজের জন্য নির্ধারিত Consultant কর্তৃক প্রস্তুতকৃত Concept Design ইতোমধ্যে এক্সপো কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। Final Design কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। World Expo 2020-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য আড়ম্বরপূর্ণ কর্মসূচি গ্রহণ করা হবে। এছাড়া, ১৬ ডিসেম্বর ২০২১ (মহান বিজয় দিবস) কে Country Day (Bangladesh Day) হিসেবে পালন করা পাশাপাশি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (২১ ফেব্রুয়ারি ২০২২), ঐতিহাসিক ০৭ মার্চ ২০২২, ৮ মার্চ ২০২২ (আন্তর্জাতিক নারী দিবস), জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন (১৭ মার্চ ২০২২), মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী (২৬ মার্চ ২০২২) যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে।

১.৩ সভাপতি এবং স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মেজবাহ উদ্দিন বলেন, বর্তমান সরকারের সময়ে সারাদেশে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্ত সকল অধিদপ্তর, দপ্তর, সংবিধিবদ্ধ সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অর্জিত সাফল্যচিত্র Dubai Expo-2020-তে উপস্থাপন করা হবে। বর্তমান সরকারের ভিশন ও অঙ্গীকার অনুযায়ী 'আমার গ্রাম, আমার শহর' শীর্ষক কর্মসূচি চলমান রয়েছে। এ কর্মসূচির অধীনে বাস্তবায়িত সকল উন্নয়ন কাজের সচিত্র তথ্য Expo-তে উপস্থাপন করা সম্ভব হবে। এ Co-ordination কমিটিতে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালককে কো-অপট্ করা হবে। পাশাপাশি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে বাস্তবায়নাধীন আমার বাড়ি, আমার খামার প্রকল্পের সাফল্যও Expo-2020-এ তুলে ধরার লক্ষ্যে উক্ত বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব মোঃ মোতাছিম বিল্লাহ-কেও কমিটিতে কো-অপট্ করার নির্দেশনা প্রদান করেন।

১.৪ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ মমতাজ উদ্দিন এনডিসি বলেন, Dubai Expo-2020-তে স্থানীয় সরকার বিভাগের উপস্থাপনার পাশাপাশি তাঁর মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম ও সাফল্যের চিত্র উপস্থাপন করা হবে। তিনি উক্ত Expo আয়োজনের পূর্বে সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং পরিদর্শন কমিটিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধিকে রাখার অনুরোধ জানান। তিনি আরও বলেন, এ Co-ordination কমিটিতে তাঁর মন্ত্রণালয়ের অধীনস্ত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর-এর প্রতিনিধিকে কো-অপ্ট করা প্রয়োজন। সভাপতি উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

১.৫ স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) সায়লা ফারজানা বলেন, স্থানীয় সরকার বিভাগের Theme Week সমূহে উপস্থাপনের জন্য এ বিভাগের সাফল্যের সচিত্র তথ্যসহ Presentation প্রস্তুতের জন্য প্রয়োজনে কনসালটেন্ট নিয়োগ করা যেতে পারে।

**২. সভার সিদ্ধান্ত:**

সভায় সকলের বক্তব্য গ্রহণ শেষে সভাপতি সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন:

২.১ বর্তমান সরকারের সময়ে সারাদেশে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্ত সকল অধিদপ্তর, দপ্তর, সংবিধিবদ্ধ সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অর্জিত সাফল্যচিত্র Dubai Expo-2020-তে উপস্থাপন করা হবে।

২.২ এ Co-ordination কমিটিতে নিম্নবর্ণিত কর্মকর্তাদের কো-অপট্ করা হবে:

১. জনাব মোঃ মোতাছিম বিল্লাহ, যুগ্মসচিব (পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ,
২. প্রকল্প পরিচালক, আমার গ্রাম, আমার শহর' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প,
৩. প্রতিনিধি, গণপূর্ত অধিদপ্তর,
৪. প্রতিনিধি, নগর উন্নয়ন অধিদপ্তর,
৫. প্রতিনিধি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

৩. সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.৩.২০২১

মেজবাহ উদ্দিন
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ
ও
সভাপতি, Co-ordination কমিটি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০০৬.০০১.১৯.**২৮৬/১(১৫)**

তারিখ: ০৪ চৈত্র ১৪২৭
১৮ মার্চ ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: জনাব মোঃ মোতাছিম বিল্লাহ, যুগ্মসচিব (পরিকল্পনা)]
২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: জনাব মোঃ আমিনুল ইসলাম, উপসচিব (রপ্তানী-৭)]
৩. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ: আ: জনাব মোঃ মমতাজ উদ্দিন এনডিসি, যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট)]
৪. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
[দৃ: আ: জনাব গোপাল কৃষ্ণ দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)]
৫. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৯. যুগ্মসচিব (পানি সরবরাহ/ নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব,স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (**এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল**)।

১৮.০৩.২০২১

নুমেরী জামান
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫
ই-মেইলঃ lgcc1@lgd.gov.bd